



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফেনী সরকারী কলেজ, ফেনী

স্থাপিত: ১৯২২

ডাকঘর-ফেনী, উপজেলা-ফেনী, জেলা-ফেনী।



Email: fenigovcollege@yahoo.com

মোবাইল : ০১৮১৯৩২৩৭১৭

Website: www.fgc.gov.bd

ফোন : ০৩৩১৭৪০৪৯

স্মারক নং-ফেসক/২০২১/

তারিখ : ০২/০১/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/১২/২০২১ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-৩৩৬-শিক্ষা মোতাবেক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১ অনুসারে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ফেনী সরকারী কলেজে একাদশ শ্রেণির প্রাথমিক আবেদন ও ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সূচি মোতাবেক সম্পন্ন করা হবে।

১। প্রাথমিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ :

বিভাগ	জি.পি.এ
বিজ্ঞান	৪.৭৫
ব্যবসায় শিক্ষা	৪.০০
মানবিক	৩.৫০


২। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন :

- ২.১ ২০১৯, ২০২০, ২০২১ সালের দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯, ২০২০ ও ২০২১ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে। এছাড়া উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে চলতি বছরে উত্তীর্ণ শিক্ষার্থীসহ অন্যান্য বছরের শিক্ষার্থীরাও ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে।
- ২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।
- ২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে :
 - ২.৩.১ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যেকোন একটি
 - ২.৩.২ মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যেকোন একটি এবং
 - ২.৩.৩ ব্যবসায় গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যেকোন একটি
 - ২.৩.৪ যে কোন বিভাগ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) থেকে উত্তীর্ণ শিক্ষার্থী গার্হস্থ্য অর্থনীতি ও সংগীত গ্রুপ এর যে কোন একটি
 - ২.৩.৫ মাদরাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং সাধারণ বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু :-

ক্রমিক	বিষয়	তারিখ
৬.১	ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)	০৮/০১/২০২২ (শনিবার) থেকে ১৫/০১/২০২২ (শনিবার)
৬.২	আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি	১৭/০১/২০২২ (সোমবার) থেকে ২১/০১/২০২২ শুক্রবার
৬.৩	শুধুমাত্র পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	২২/০১/২০২২ (শনিবার) থেকে ২৩/০১/২০২২ (রবিবার)
৬.৪	পছন্দক্রম পরিবর্তনের সময়	আবেদনের তারিখ থেকে ২৪/০১/২০২২ (সোমবার)
৬.৫	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	২৯/০১/২০২২ (শনিবার রাত ৮.০০টায়)
৬.৬	শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	৩০/০১/২০২২ (রবিবার) থেকে ০৬/০২/২০২২ (রবিবার)
৬.৭	২য় পর্যায়ের আবেদন গ্রহণ	০৭/০২/২০২২ (সোমবার) থেকে ০৮/০২/২০২২ (মঙ্গলবার) রাত ৮.০০ পর্যন্ত)
৬.৮	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	১০/০২/২০২২ (বৃহস্পতিবার রাত ৮.০০ টায়)
৬.৯	২য় পর্যায়ে আবেদনের ফল প্রকাশ	১০/০২/২০২২ (বৃহস্পতিবার রাত ৮.০০ টায়)
৬.১০	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	১১/০২/২০২২ (শুক্রবার) থেকে ১২/০২/২০২২ শনিবার বাত ৮.০০ টায়
৬.১১	৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	১৩/০২/২০২২ (রবিবার)
৬.১২	পছন্দ অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	১৫/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮.০০ টায়)
৬.১৩	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১৫/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮.০০ টায়)
৬.১৪	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	১৬/০২/২০২২ (বুধবার) থেকে ১৭/০২/২০২২ (বৃহস্পতিবার)
৬.১৫	ভর্তি	১৯/০২/২০২২ (শনিবার) থেকে ২৪/০২/২০২২ (বৃহস্পতিবার)
৬.১৬	ক্লাস শুরু	০২ মার্চ ২০২২ (বুধবার)

শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা : www.xiclassadmission.gov.bd শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।


অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী